

# সর্বাত্মক কর্মবিরতিতে সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা

সর্বজনীন পেনশনের 'প্রত্যয়' স্কিমের প্রজ্ঞাপন প্রত্যাহার দাবি



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের মূল ফটকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সংবাদ সম্মেলন। ছবি-সমকাল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ৩০ জুন ২০২৪ | ১৬:২৩ | আপডেট: ০১ জুলাই ২০২৪ | ০৮:৫৯

UNIBOTS

Advertisement: 0:08

সর্বজনীন পেনশনের 'প্রত্যয়' স্কিমের প্রজ্ঞাপন প্রত্যাহার, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সুপার গ্রেডে অন্তর্ভুক্তি এবং শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল চালুর দাবিতে আজ ১ জুলাই থেকে সব অ্যাকাডেমিক ও প্রশাসনিক কাজ থেকে বিরতিতে যাচ্ছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনভুক্ত দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়। এর ফলে সব বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে।

গত কয়েক মাসে ধারাবাহিকভাবে নানা কর্মসূচিতে দাবি আদায় না হওয়ায় রোববার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের মূল ফটকে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দিয়েছেন ফেডারেশনের মহাসচিব অধ্যাপক নিজামুল হক ভূঁইয়া। এ ছাড়া রোববার পূর্ণদিবস কর্মবিরতি পালন করেছেন তারা।

UNIBOTS

নিজামুল হক ভূঁইয়া বলেন, গত ১৩ মার্চ অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞা কর্মবিরতি, স্মারকলিপি প্রদান এবং অবস্থান কর্মসূচি, কর্মবিরতি করা হয়নি। আমরা এখনও আশা করি সরকার অনতিবিলম্বে এঃ  
অন্যথায় ১লা জুলাই থেকে সারা দেশের সকল পাবলিক বিশ্ববি


Advertisement: 0:08

ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. মো. আখতারুল ইসলাম বলেন, এই প্রত্যয় স্কিম চরম অপরিপক্ব হাতের কাজ। এরমাধ্যমে জাতির সঙ্গে প্রতারণা করা হয়েছে। প্রস্তাবিত 'প্রত্যয় স্কিম' বাস্তবায়িত হলে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থী, যারা আগামী দিনে বিশ্ববিদ্যালয়ের

শিক্ষকতার মতো মহান পেশায় আসতে আগ্রহী, তাঁরাও এর ভুক্তভোগী হবেন। আমাদের আন্দোলন আগামী দিনের তরুণ সমাজের স্বার্থরক্ষার পক্ষে এবং উচ্চশিক্ষা ব্যবস্থা ধ্বংসের চক্রান্তের বিরুদ্ধে আন্দোলন।

## ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসে অংশ নেবেন না শিক্ষকরা

আজ ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৪তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে নানা কর্মসূচি ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয়। তবে এতে অংশ নেবেন না শিক্ষকরা। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জিনাত হুদা বলেন, এই সর্বজনীন পেনশন স্কিম আমাদের ঘাড়ে চাপিয়ে দেওয়ার অপচেষ্টা করা হচ্ছে। তাই শিক্ষকদের মর্যাদা হনন করে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের কোনো অনুষ্ঠানে অংশ নেবে না।

জিনাত হুদা আরও বলেন, আমাদের দেয়ালে পিঠ ঠেকে গেছে। আমরা প্রধানমন্ত্রীর লোক। তবে যারা আমাদের বিরুদ্ধে অস্বিতিশীল অরাজক পরিস্থিতি সৃষ্টি করতে চান। তাদের বিরুদ্ধে আন্দোলন চালিয়ে যাব। প্রধানমন্ত্রীর প্রতি আমাদের আহ্বান থাকবে।  শিক্ষকরা জাতীয় বিবেক, তাদের ডাকে সাড়া দেবেন।

এ দিকে প্রত্যয় স্কিম প্রত্যাহারে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও শনিবারের প্রফেশনাল কোর্সের ক্লাসসহ সব ধরনের ক্লাস বহু পরীক্ষা অনুষ্ঠিত হবে না; বিভাগীয় চেয়ারম্যান বিভাগীয় অফিস কমিটি, সমন্বয় ও উন্নয়ন কমিটি, প্রশ্নপত্র সমন্বয় সভা অনুষ্ঠিত

Advertisement: 0:08

অনুষদের ডিনরা ডিন অফিস, ভর্তি পরীক্ষাসহ সংশ্লিষ্ট কার্যক্রম বন্ধ রাখবেন; নবীন বরণ অনুষ্ঠানের কর্মসূচি গ্রহণ করা যাবে না; কোনো সিলেকশন বোর্ডের সভা অনুষ্ঠিত হবে না; কোনো সেমিনার, কনফারেন্স ও ওয়ার্কশপের কর্মসূচি গ্রহণ করবেন না; হলের প্রাধ্যক্ষগণ প্রাধ্যক্ষ অফিস বন্ধ রাখবেন এবং প্রধান গ্রন্থাগারিক কেন্দ্রীয় লাইব্রেরী বন্ধ রাখবেন।

সংবাদ সম্মেলনে আরও কথা বলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোতাহার হোসেন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মিজানুর রহমান প্রমুখ।

এ দিকে রোববার পূর্ণদিবস কর্মবিরতি পালন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মচারী-কর্মকর্তারা। তারা প্রত্যয় স্কিম প্রত্যাহারের দাবিতে প্রশাসনিক ভবন থেকে মিছিল নিয়ে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করেছে। এতে শিক্ষকদের সঙ্গে তাল মিলিয়ে তারাও আগামী ১ জুলাই থেকে কর্মবিরতিতে যাওয়ার ঘোষণা দিয়েছে।

UNIBOTS

Advertisement: 0:08